# Times Today BD

শাহজাহান আলী বিপাশ | দেশজুড়ে | 19 May, 2025

ঝিনাইদহের শৈলকুপায় বিএনপি'র দু'পক্ষের সংঘর্ষে নারীসহ অন্তত ১০ জন আহত হয়েছে। সেসময় ভাংচুর করা হয়েছে বেশ কয়েকটি বাড়ীঘর।রোববার বিকেলে উপজেলার সারুটিয়া গ্রামে এ ঘটনা ঘটে।

পুলিশ ও স্থানীয়রা জানায়, সারুটিয়া গ্রামের জেলা বিএনপি নেতা নজরুল ইসলাম, জেলা বিএনপি'র সহ-সভাপতি রেজাউল করিম আলাল বিশ্বাসের সমর্থক ও তার ভাই মাহবুব হোসেন শৈলকুপা উপজেলা বিএনপি'র সদস্য নওয়াব আলী লস্করের সমর্থক।

রোববার সকালে নজরুল ইসলাম ও মাহবুরের মধ্যে জমি নিয়ে তর্ক-বিতর্ক ও মারামারি হয়।এরই জের ধরে বিকেলে উভয় পক্ষের লোকজন দেশীয় অস্ত্র নিয়ে সংঘর্ষে জড়িয়ে পড়ে।এতে অন্তত ১০ জন আহত হয়।ভাংচুর করা হয় বেশ কয়েকটি বাড়ীঘর।খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রনে আনে।আহতদের উদ্ধার করে শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে।

শৈলকুপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাসুম খান জানান, বিএনপি'র দু'পক্ষের সংঘর্ষের ঘটনা শোনার সাথে সাথে ঘটনাস্থলে পুলিশ পাঠিয়েছি।বর্তমানে পরিস্থিতি নিয়ন্ত্রনে আছে।

ঝিনাইদহ বিএনপি পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 04:06

URL: https://www.timestodaybd.com/across-the-country/152665